E 1878

Regd. no. 10/14 (3)/1979-80

23.4 Excepted

Notice u/s 26 filed for CA-04 23.11.78

Jt. Sub. Registrar of Alipore At Behala

15-10-79

Pradip Kumar Das.
Pradyot Kumar Das.
Provabati Das.
Subhas Chandra Guha

মূ: ২৬০০০.০০ টাকা ছাব্বিশ হাজার টাকার

সাফ কোবালা

গ্রহীতা :-

প্রান্তিক কো- অপারেটিভ হাউসিং সোসাইটি লিমিটেড পক্ষে চেয়ারম্যান শ্রী রূপেন্দ্র কৃষ্ণ ঘোষ, পিতা শ্রী বীরেন্দ্র কৃষ্ণ ঘোষ এবং সেক্রেটারী শ্রী কল্যাণময় সামন্ত, পিতা মৃত দ্বিজেন্দ্র লাল সামন্ত, ইহার অফিস ১০ নং চণ্ডীচরন ঘোষ রোড, থানা- ঠাকুরপুকুর, বেহালা, কলিকাতা- ৮।

দাতা :-

১। শ্রী প্রদীপ কুমার দাস,

২। শ্রী প্রদ্যোৎ কুমার দাস,

উভয়ের পিতা হিমাংশু কুমার দাস জাতি- হিন্দু, পেশা- চাকুরী,

৩। শ্রীমতী প্রভাবতী দাস, স্বামী হিমাংশু কুমার দাস, জাতি-হিন্দু, পেশা- গৃহস্থালী,

সকলের সাকিন- ১০।এ নং মহেশ চৌধুরী লেন, থানা- ভবানীপুর, কলিকাতা- ২৫।

কনফার্মিং পার্টি —

শ্রী সুভাস চন্দ্র গুহ,
পিতা মৃত অটল চন্দ্র গুহ,
জাতি-হিন্দু, পেশা- চাকুরী

Presented for Registration at 11/45 hrs on the 15th day of Oct 1979 by the Joint Sub-Registrar of Alipore at Behala
Pradip Kumar Das. one of the executant/claimant/attorney

Pradip Kumar Das

[signature]
Jt. Sub-Registrar of
Alipore At Behala
15-10-79


2678

Pradip Kumar Das

Execution is admitted

1) Pradip Kumar Das.
2) Pradyut Kumar Das
S/o Lt Himangshu Kumar Das
3) Provabati Das
W/o Lt Himangshu Kumar Das
of 10/1A, Mahesh Chowdhury Lane, Cal-25
+ 4) Subash Chandra Guha
Son/Wife of Lt. Amulya Chandra Guha
of 66, Shil Thakurbari Road
P.S. Behala
Dist. Cal-38
By Caste Hindu
By Proffession Service + Housewife


2677

Pradyut Kumar Das


2678

Provabati Das.


2679

Subhas Chandra Guha.

Identified

Tapan Halder
Son/Wife of Sudhir Chandra Halder
of 38, Madhab Halder Road
P.S. Behala
Dist. 24 Pgs
By Caste Hindu
By Proffession Deedwriter

Tapan Halder.

[signature]
Jt. Sub-Registrar of
Alipore At Behala
15.10.79

সি-৬৬ শীল ঠাকুর বাড়ী রোড ,
থানা- বেহালা, কলিকাতা- ৩৮

কস্য রায়ত মোকররী , হাল রায়ত দখলী স্বত্বের বাস্তু জমি জমা বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :—

জেলা ২৪ পরগণা, আলিপুরের কালেক্টারীর অন্তর্গত পরগণা মাগুরা সাব রেজিষ্ট্রী ও থানা বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর এলাকাধীন মৌজা সাহাপুর গ্রামে জে-এল-নং-৮৭, রে-সা-নং- ১৭৯, তৌজিনং- ১৩ , ১০১ ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ সরকার অধিন সাবেক ও হাল ৩৭৯ নং খতিয়ানের নিষ্কর রায়ত মোকররী স্বত্বের ১৪৩ নং দাগের .২৮৩ সহস্রাংশ বাস্তু জমি জনৈক দয়াল হরিপালের মোল আনা নিব্যূঢ় স্বত্বের ভোগ দখলী সম্পত্তি থাকে । পরে উক্ত দয়াল হরি পালের অর্থের আবশ্যকে বিগত ২৭।৬।১৯৩৯ তারিখে এককেতা রেজিষ্ট্রী কৃত কোবালা যাহা বেহালা সাব রেজিষ্ট্রী অফিসের ১০৪৫ নং কোবালা দলিল দ্বারা জনৈক গোলাম মহম্মদকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলে তদবধি উক্ত গোলাম মহম্মদ উহা খরিদ সূত্রে নিব্যূঢ় স্বত্বের মোল আনা মালিক- দখলকার স্বরূপে খাসে ভোগ দখল করিতে থাকেন। পরে উক্ত গোলাম মহম্মদ তাঁহার খরিদা ১৪৩ নং দাগের .২৮৩ সহস্রাংশ বাস্তু জমির সরাসরি উত্তরাংশে মাপ সুরত কৃত চিহ্নিত ও ৪ চার কাঠা বাস্তু জমি বাদে দক্ষিনাংশে ।।৩ তের কাঠা বাস্তু জমি নিজ ভ্রাতা সেখ গোলাম আহম্মদকে অন্য জমির বিনিময়ে বিগত ১১।১।১৯৬১ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত এক্সচেঞ্জ -

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

Reg[illegible] 19(5) 1977-70



Pradip Kumar Roy
[illegible]
Provabati Das
Bulbul chandra Guha

দলিল যাহা বেহালা সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির, ৬৫ নং ভল্যুমের, ১৪৩ হইতে ১৪৭ নং পাতায় লিপিবদ্ধ ৩৭১৮ নং এক্সচেঞ্জ দলিল দ্বারা বিনিময় করেন এবং তদনুসারে উক্ত গোলাম আহম্মদ উপরোক্ত এক্সচেঞ্জ প্রাপ্ত ১৪৩ নং দাগের দক্ষিণাংশের ।।৩ তের কাঁঠা বাস্তু জমিতে নিব্যূঢ় স্বত্বের যোল আনা মালিক দখলকার স্বরূপে ভোগ দখল করিতে থাককালে বিগত ১৩।১১।৬৩ তারিখে একেতা রেজিষ্ট্রী কৃত এক্সচেঞ্জ দলিল যাহা বেহালা সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির, ৭৭ নং ভল্যুমের, ১৫৬ হইতে ১৬৩ নং পাতায় লিপিবদ্ধ ৫৩৭৮ নং এক্সচেঞ্জ দলিল দ্বারা অত্র কোবালা দাতা আমাদের মৃত পিতা হিমাংশু কুমার দাসের ও আমার খুল্লতাত শ্রী অমিয়াংশু কুমার দাসের এবং ঠাকুমাতা শ্রীমতী নলিনী সুন্দরী দাসের সহিত আমাদিগের পাকিস্থানের ভূ-সম্পত্তির বিনিময়ে উল্লিখিত ১৪৩ নং দাগের দক্ষিণাংশের ।।৩ তের কাঠা বাস্তু জমি এক্সচেঞ্জ করিয়া তদবধি উহা হইতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইল অত্র কোবালা দাতাগনের খুল্লতাত শ্রী অমিয়াংশু কুমার দাস আমাদিগের অধুনামৃত পিতা হিমাংশু কুমার দাস ও ঠাকুরমাতা নলিনী সুন্দরী দাস উহা বিনিময় সূত্রে তুল্যাংশে প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকা কালে আমাদিগের ঠাকুর মাতা নলিনী সুন্দরী দাস উল্লিখিত জমির ১।৩ রকম অংশ বিগত ২৬।৫।১৯৬৬ তারিখে একেতা রেজিষ্ট্রী কৃত দানপত্র দলিল যাহা আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসের ১নং বহির, ৭৯ নং ভল্যুমের ১৬৬ হইতে ১৬৮ নং পাতায় লিপিবদ্ধ ৪১৮১নং দানপত্র দলিল দ্বারা আমাদিগের পিতা হিমাংশু

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

কুমার দাসকে এবং খুল্লতাত শ্রী অমিয়াংশু কুমার দাসকে তুল্যাংশে দান করিয়া উহা হইতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলে তদ্যাবধি আমাদিগের পিতা হিমাংশু কুমার দাস ও খুল্লতাত শ্রী অমিয়াংশু কুমার দাস উক্ত ১৪৩ নং দাগের ।।৩ তের কাঠা বাস্তু জমিতে তুল্যাংশের মালিক দখলকার হইয়া এজমালে ভোগ দখল করিতে থাকাকালে ১ ও ২ নং কোবালা দাতাগণের পিতা হিমাংশু কুমার দাস পরলোক গমন করিলে তদীয় ।।০ আনা রকম বাস্তু জমি তাঁহার ওয়ারেশ পত্নী ৩ নং কোবালা দাত্রী ও দুই ওয়ারেশ পুত্র ১ ও ২ নং কোবালা দাতাগণ সকলে তুল্যাংশে প্রাপ্ত হইয়া আমাদিগের অপর সরিক শ্রী অমিয়াংশ কুমার দাসের সহিত উহা এজমালে খাসে ভোগ দখল করিতে থাকেন । পরে অত্র কোবালা দাতাগনের এবং আমাদিগের অপর সরিক শ্রী অমিয়াংশ কুমার দাসের পরস্পরের উক্ত ।।৩ তের কাঠা বাস্তু জমিতে যৌথভাবে ভোগ দখলের অসুবিধা হওয়ায় উহা পরস্পরের আপোষে চিহ্নিত মতে ভাগ বাটোয়ারা করিয়া লইয়া উক্ত ।।৩ তের কাঠা বাস্তু জমি মধ্যে আমাদিগের খুল্লতাত শ্রী অমিয়াংশু কুমার দাস দক্ষিণ পশ্চিমাংশে মাপ সুরত কৃত চিহ্নিত ৬।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি প্রাপ্ত হয়েন এবং অত্র কোবালা দাতাগণ আমরা উক্ত ।।৩ তের কাঠা বাস্তু জমি মধ্যে দক্ষিণ পূর্ব্বাংশে মাপ সুরত কৃত চিহ্নিত ।৬।।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি অন্যের নিরাংশে নিব্যূঢ় স্বত্বে ষোল আনা রকমে প্রাপ্ত হইয়া তদবধি উহাতে খাসে ভোগ দখল করিয়া আসিতেছি ।

এক্ষনে আমাদের নগদ টাকার আবশ্যকে বৈধ কারনে আমাদের উল্লিখিত

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

১৪৩ নং দাগের দক্ষিণ পূর্বাংশে মাপ সুরত কৃত চিহ্নিত ।১।।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি বিক্রয়ের ঘোষণা করিলে কোবালা গ্রহিতা আপনি উহা বর্তমান সর্বোচ্চ বাজার দর বেলমোক্তা ২৬০০০.০০ ছাব্বিশ হাজার টাকা পণ মূল্যে খরিদেচ্ছু হইয়া অত্র কনফামিং পক্ষ মারফৎ প্রস্তাব করিলে তাহাতে সম্মত হইয়া আমরা বিগত ২০।১।১৯৭৮ তারিখে একেতা আন রেজিষ্ট্রী বায়না দলিল কনফামিং পক্ষের নাম বরাবর সম্পাদন করিয়া দিয়া কনফামিং পক্ষের নিকট হইতে বায়না বাবদ ৫০০০.০০ পাঁচ হাজার টাকা নগদ গ্রহণ রিয়া কনফামিং পক্ষকে অথবা তাঁহার মনোনীত ব্যক্তিকে উল্লিখিত ।১।।০ সাড়ে ছয় কাঠা জমি বিক্রয়ের জন্য বায়না চুক্তিতে আবদ্ধ হইয়াছি । এক্ষনে কোবালা গ্রহিতা আপনি অত্র কনফামিং পক্ষের মনোনীত ব্যক্তি হওয়ায় এবং আপনার অনুকূলেপ্রস্তাবিত কোবালা দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলে অত্র কনফামিং পক্ষের কোন আপত্তি হইবে না জানিয়া অদ্য তারিখে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া আপনার নিকট হইতে নির্ধারিত পনের বাকি ২১০০০.০০ একুশ হাজার টাকা নগদ গ্রহণ করিয়া নিম্নের জায় মোতাবেক উহার সম্পূর্ণ প্রাপ্তি স্বীকারে নির্ধারিত পণ মূল্যের সমুদয় ২৬০০০.০০ টাকা ছাব্বিশ হাজার টাকা বুঝিয়া পাইয়া নিম্ন তপশীলে বর্ণিত দরবস্তু হক হকুক সম্পত্তি আপনাকে সাফ বিক্রয় করতঃ অদ্যই উহাতে আপনাকে খাসে দখল প্রদান করিয়া স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

বিক্রীত নিম্ন তপশীল সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, হক হকিয়ৎ দখল লভ্য অধিকারাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে আমাদিগ হইতে চিরতরে ধ্বংস ও লুপ্ত হইয়া আপনাতে বর্তাইল ও আমরা উহা হইতে চিরতরে স্বত্বত্যাগী ও দখলচ্যুত হইলাম ও আপনি উক্ত নিম্ন তপশীল বিক্রীত সম্পত্তিতে আমাদিগের যাবতীয় প্রকার স্বত্বে স্বত্ববান ও দখলে দখলীকার হইয়া উহার নিব্যূঢ় স্বত্বের ষোল আনা মালিক দখলকার স্বরূপে স্থানীয় মিউনিসিপ্যালিটীতে ও জমিদার সরকারে আপনার নাম পত্তন পূর্ব্বক উহার খাজনা ও ট্যাক্সাদি আদায়ে মায় পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি যাবতীয় প্রকার হস্তান্তরের এবং উক্ত জমিতে ঘর করিয়া উহার উপর কাঁচা পাকা গৃহাদি নির্মানের ক্ষমতা যুক্তে যদেচ্ছাক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমরা মায় পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি দাবী, দাওয়া করিব না বা করিতে পারিব না, তথাপি যদি করি বা কেহ করে তাহা সর্ব্বত্র বাতিল, অগ্রাহ্য সর্ব্ব-আদালতে নামঞ্জুর হইবে, প্রকাশ থাকে যে, উক্ত বিক্রীত সম্পত্তির উপর ইতিপূর্ব্বে কোন আদালতের ক্রোক, ডি ক্রি বাইনজাংশনাদি জারি হয় নাই অথবা বর্তমানে উহা লইয়া কোন আদালতে মামলা মোকর্দ্দমা চলিতেছে না।
উক্ত বিক্রীত সম্পত্তিতে আমাদের আর কোন সরিক বা অংশীদার নাই।
উক্ত বিক্রীত সম্পত্তিতে সর্ম্পকে আমরা কাহাকেও কাহারো বেনামদার নহি।

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

উক্ত বিক্রীত সম্পত্তিতে বর্ত্তমানে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় আমাদিগের খাস দখলে থাকা অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম ।প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বিক্রীত সম্পত্তি ভবিষ্যত কোন আধা সরকার বা সরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক যদি রিক্ইজিশান বা এ্যাক্ইজিশান হয় তাহা হইলে এই কোবালা দাতা আমাদিগের কোন প্রকার দায়- দায়িত্ব থাকিবে না । আমাদিগের উপরোক্ত উক্তি বা বর্ণনার কোন অংশ যদি ভবিষ্যতে মিথ্যা বা প্রবঞ্চকী প্রমানিত হইয়া আপনার খরিদা স্বত্বের বা দখলের কোন প্রকার হানি হয় তাহা হইলে আমরা মাফিক আইন আমলে আসিয়া আপনাকে ক্ষতি পূরন দিতে বাধ্য হইব ।
এই দলিলের ভুল ভ্রান্তি জন্য যদি ভবিষ্যতে কোন সংশোধনী বা পরিপূরক দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেওয়ার প্রয়োজন হয়তাহা হইলে তাহার আপনার খরচে ও তলব মতে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, স্বেচ্ছায় কিা প্ররোচনায় এএসাফ বিক্রয় কোবালা দলিল লিখিত পঠিত হইার মর্ম্ম সম্যক অবগত হইয়া দলিলের সহি স্বাক্ষর করিলাম । ইতি তারিখ সন- ১৩৮৬ সালের ২৮ শে আশ্বিন ।
ইংরাজী সন- ১৯৭৯ সালের- ১৫।১০।১৯৭৯।

-: তপশীল বিক্রীত সম্পত্তির

জেলা- ২৪ পরগণা, আলিপুরের কালেক্টারীর অন্তর্গত পরগণা মগুরা সাব রেজিষ্ট্রী

15.10.79

Jt. Sub Registrar of
Alipore At Behala

ঞ্চ থানা বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর এলাকাধীন মৌজা- সাহাপুর গ্রামে জে : এল : নং- ৮ , রে : সা : নং- ১৭৯ , তৌজি নং- ৯৩ , ১০১ স্থিত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন হাল ৩৭৯ নং খতিয়ানের নিষ্কর জমার রায়ত দখলী স্বত্বের ১ ৪ ৩ নং দাগের মোট •২৮৩ সহস্রাংশ জমি জমা মধ্যে উত্তরাংশে বরাবরি পূর্ব্ব পশ্চিমে লম্বা ৪ চার কাঠা বাস্তু বাদে দক্ষিণাংশে মাপ সুরত কৃত চিহ্নিত ।।৩ তের কাঠা বাস্তু জমি মধ্যে পূর্ব্বাংশে মাপ সুরত কৃত চিহ্নিত ।১।।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি মায় উহাতে যাবতীয় যাতায়াতের সর্ব্বপ্রকার ইজমেন্ট স্বত্ব সত্বাদি সমেত সম্পত্তি এই দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। জমি নিষ্কর হারাহারি খাজনা নাই ।

ইহার চৌহদ্দি :— উত্তর - গোলাম মহম্মদের ৪ কাঠা অংশ ,
পূর্ব্ব ও দক্ষিণ— রেলওয়ে জমি ,
পশ্চিম— অমিয়াংশু কুমার দাসের ।১।।০ কাঠা অংশ

**টাকার জমা-**

| | |
|---|---|
| বিগত ২০।৯।১৯৭৮ তারিখের প্রদত্ত বায়না বাবদ | ৫০০০•০০ টাকা |
| অদ্য তারিখের প্রাপ্ত নোট ও নগদে - | ২১০০০•০০ টাকা |
| মোট - | ২৬০০০•০০ টাকা |

মবলগে ছাব্বিশ হাজার টাকা মাত্র ।

Provabati Das. Pradip Kumar Das
Pradip Kumar Das

ইসাদি :-

টাইপকারক-
আলিপুর পুলিশ কোর্ট

Tapan Haldar, of Behala.

15.10.79
Jt. Sub-Registrar of
Alipore At Behala

01.00
Passed 9/4/80

Regd in
Book No. I
Volume No. 40
Pages 49 to 55
Being No. 1878
For the year 1980

Jt. Sub. Registrar of
Alipore At Behala
16.1.80